গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫
www.warpo.gov.bd

**নম্বর:** ৪২.০২.০০০০.০০৭.১৬.০০২.২০.১০

তারিখ: ৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি/নোটিশ**

**বিষয়: ওয়ারপো'র গবেষণা ও প্রকাশনায় উৎসাহ প্রদানের জন্য মূল্যায়ন নির্দেশিকা প্রকাশ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়ারপোর কর্মকর্তাগণের গবেষণা ও প্রকাশনায় উৎসাহ প্রদানের জন্য জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনায় প্রণোদনা ও স্বীকৃতি প্রদানের কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য গবেষণা ও প্রকাশনায় উৎসাহ প্রদানের জন্য একটি "ওয়ারপো'র গবেষণা ও প্রকাশনায় উৎসাহ প্রদানের জন্য মূল্যায়ন নির্দেশিকা" প্রণয়ন করা হয়েছে। এখন থেকে প্রণোদনা ও স্বীকৃতি প্রদানের জন্য প্রার্থীতা মূল্যায়ন ও চুড়ান্তকরণ উক্ত নির্দেশিকাটির আলোকে সম্পন্ন করা হবে।

উক্ত নির্দেশিকাটি নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলের অবহিত এবং কাযার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ২ প্রস্থ সংযুক্ত।

২৩-০৩-২০২৩
এসএম শাহাব উদ্দিন মাহমুদ
সচিব
৪৪৮১৯০০৪ (ফোন)
sec@warpo.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১। কর্মকর্তা (সকল), ওয়ারপো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Research_Publications_Evaluation_Guidelines
(২) Research_Publications_Evaluation_Guidelines

# ওয়ারপো'র গবেষণা ও প্রকাশনায় উৎসাহ প্রদানের জন্য মূল্যায়ন নির্দেশিকা

## ১. ভুমিকা

পানি সম্পদ খাতে পরিবেশগত ভাবে ভারসাম্যপূর্ণ মহাপরিকল্পনা প্রণয়নের জন্য পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ দ্বারা ওয়ারপো'র সৃষ্টি হয়েছে। ইহা একটি সংঘবিধিবদ্ধ সরকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের মিশন ও ভিশণ নিম্নরুপ:

**মিশন**

পানি সম্পদ খাতে মহাপরিকল্পনা প্রণয়ন ও পর্যায়ক্রমিক হালনাগাদকরণ, জাতীয় পানি সম্পদ তথ্য-উপাত্ত ভান্ডার রক্ষণাবেক্ষণ, ক্লিয়ারিং হাউজ হিসাবে ভূমিকা পালন এবং বাংলাদেশ পানি আইন ২০১৩ বাস্তবায়নে সমন্বয়ক হিসাবে দায়িত্ব পালনের মাধ্যমে দেশের টেকসই ও সমন্বিত পানি ব্যবস্থাপনা নিশ্চিত করা।

**ভিশণ**

বাংলাদেশের পানি সম্পদের সমন্বিত ও টেকসই পানি ব্যবস্থাপনা নিশ্চিত করা।

## ২. গবেষণা ও প্রকাশনা পরিধি

জাতীয় পানি নীতি, ১৯৯৯; জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০০৪; বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮; এর অধীন গবেষণা ও প্রকাশনা পরিধি নিম্নরূপ:

(ক) সমগ্র দেশের ভূপরিস্থ, ভূগর্ভস্থ পানির অবস্থা নিরূপণ
(খ) আরবান ও পেরিআরবান অঞ্চলের ভূগর্ভস্থ পানির ট্রেন্ড নির্ধারণ ও একুইফার স্ট্যাটাস নিরূপণ
(গ) বিভিন্ন সেক্টরে বর্তমান ও ভবিষ্যতের পানির চাহিদা নিরূপণ
(ঘ) পানির দক্ষ ব্যবহারের জন্য টুলস উদ্ভাবন
(ঙ) বৃষ্টির পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য উপায় উদ্ভাবন
(চ) কৃত্তিম রিচার্জের সম্ভাব্যতা যাচাই
(ছ) ভূপরিস্থ, ভূগর্ভস্থ পানির দূষণ নিরূপণে গবেষণা কার্যক্রম গ্রহণ
(জ) Source Vulnerability Assessment
(ঝ) পানি সম্পদ খাতে AI এর ব্যবহার
(ঞ) নদী ভাংগণের সম্ভাব্য স্থান নিরূপণের জন্য AI এর ব্যবহার
(ট) শিল্প ডিসচার্জের বিকল্প নিরূপণ
(ঠ) ভূপরিস্থ, ভূগর্ভস্থ পানির Interaction ও দূষণ নিরূপণ
(ড) পানির মূল্য নিরূপণ ও আর্থিক বিশ্লেষণ এবং সম্ভাব্যতা যাচাই
(ঢ) ভূগর্ভস্থ পানির পুনঃভরনের উপায় সমূহ বিশ্লেষণ
(ণ) পানি সম্পদ পরিকল্পনা, উন্নয়ন ও ব্যবস্থাপনায় আধুনিক প্রযুক্তি নির্ভর, সাশ্রয়ী উদ্ভাবন ও গবেষণা
(ত) সাম্প্রতিক কালে দেশীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে সমন্বিত ও টেকসই পানি সম্পদ ব্যবস্থাপনা সম্পর্কে আলোচিত বিষয় অথবা বিষয়সমূহ
(থ) জলবায়ু পরিবর্তন, টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য বাস্তবায়ন ও পানি সম্পদ ব্যবস্থাপনার চ্যালেঞ্জ ও করনীয় বিষয়সমূহ
(দ) নদী শাসন, নদীর ভাঙ্গানরোধ, নদীর পলল নিয়ন্ত্রণ, নদীর মোহনা এবং জোয়ার ভাটা সম্পর্কিত বিষয়।

(ধ) Bangladesh Delta Plan -2100 এ উল্লেখিত Knowledge Agenda সম্পৃক্ত বিষয়াদি
(ন) পানি সম্পদ উন্নয়ন ব্যবস্থা আধুনিক প্রযুক্তি নির্ভর সাশ্রয়ী উদ্ভাবন ও গবেষণা।

**৩. গবেষণা ও প্রকাশনা মূল্যায়ন সূচক**

| **Serial No.** | **Areas of Consideration** | **Score** |
|---|---|---|
| 1. | Academic Excellence | 10 |
| 2. | Publication (Internationally Recognized, Peer-reviewed with impact factor) | 20 |
| 3. | Personal Traits & Qualities<br>i. Communication Skills<br>ii. Tolerant power of criticism<br>iii. Polite and firmness<br>iv. ICT knowledge/ IT Skill<br>v. Reading Capacity<br>vi. Networking<br>vii. Professional Efficiency<br>viii. Timely delivering capacity | 02<br>03<br>02<br>05<br>05<br>03<br>05<br>05 |
| 4. | Ethical Implication<br>i. Uniqueness<br>ii. Influence of the open access | 03<br>05 |
| 5. | Research Assessment Tools<br>i. Quantitative Research Assessment Tools<br>ii. Qualitative Research Assessment Tools | 03<br>03 |
| 6. | Impact of Research findings | 04 |
| 7. | Are there any potential threats to the study's validity | 05 |
| 8. | Referencing | 07 |
| 9. | Overall assessment of committee | 10 |
| **Total** | | **100** |

## ৪. শর্তাবলী

(ক) প্রতিষ্ঠানে স্থায়ী চাকুরী হতে হবে;
(খ) পেশাগত কাজের পরিধি, পেশাগত দক্ষতা ও সময়মত কাজ সম্পাদনের আগ্রহ বিবেচনা করা হবে;
(গ) গবেষণা ও প্রকাশনা প্রস্তাবনার হার্ডকপি ও সফট কপি প্রদান করতে হবে;
(ঘ) গবেষকদের শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতার প্রমানক উল্লেখ করতে হবে;
(ঙ) ব্যক্তিগত বৈশিষ্ট ও গুণাবলির প্রমানক উল্লেখ করতে হবে;
(চ) গবেষণা ও প্রকাশনার প্রাপ্ত ফলাফল সরকারী কাজে বা উন্নয়নে কি ধরনের প্রভাব ফেলবে তার সংক্ষিপ্ত বিবরণ লিপিবদ্ধ করতে হবে;
(ছ) মান সম্পন্ন দেশী-বিদেশী জার্ণালে প্রকাশনা এবং গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন আবেদনকারীকে অগ্রাধিকার দেওয়া হবে;
(জ) গবেষণা ও প্রকাশনায় যার আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/সিমপোজিয়াম/ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপনের অভিজ্ঞতা রয়েছে এমন আবেদনকারী প্রাধান্য পাবে;
(ঝ) ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণার সংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকান্ডে বৈদেশিক সংযোগের মান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;
(ঞ) গবেষণা ও প্রকাশনার বিষয়বস্তু দেশে প্রয়োগ উপযোগী ও সময়ের প্রেক্ষাপটে জাতীয় চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
(ট) গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক ব্যুৎপত্তি (Achivement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;
(ঠ) প্রণোদনা প্রাপ্ত কর্মকর্তা পরবর্তী ০২ (দুই) অর্থ বছরের জন্য আবেদন করতে পারবেন না।

## ৫. গবেষণা ও প্রকাশনা মূল্যায়ন কমিটি

গবেষণা ও প্রকাশনায় উৎসাহ প্রদানের মূল্যায়নের জন্য নিম্নরূপ একটি কমিটি থাকবে, যথা:

| ক্রমিক নং | পদবী | অবস্থান |
|---|---|---|
| ১. | পরিচালক (কারিগরী) | আহ্বায়ক |
| ২. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ, বন ও মৎস) | সদস্য |
| ৩. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবীক্ষন ও মূল্যায়ন) | সদস্য |
| ৪. | সচিব | সদস্য |
| ৫. | গবেষণা সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা | সদস্য-সচিব |

প্রয়োজনে মহাপরিচালক মহোদয় অফিস আদেশের মাধ্যমে গবেষণা ও প্রকাশনা মূল্যায়ন কমিটি পুনঃগঠন করতে পারবেন।

### মূল্যায়ন কমিটির কার্যপরিধি

(ক) গবেষণা ও প্রকাশনায় উৎসাহ প্রদানের জন্য আবেদন ফরম তৈরী করা।
(খ) গবেষণা ও প্রকাশনায় উৎসাহ প্রদানের জন্য দাখিলকৃত আবেদনপত্র মূল্যায়ন করা।
(গ) মূল্যায়নের ভিত্তিতে দাপ্তরিক স্বীকৃতি ও প্রণোদনা প্রদানের জন্য সুপারিশ করা।

## ৬. এওয়ার্ড কমিটি

বাছাই/ মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে গবেষণা ও প্রকাশনা কার্যক্রম মূল্যায়ন এবং উৎসাহ প্রদানের জন্য প্রার্থী চূড়ান্তকরণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে এওয়ার্ড কমিটি থাকবে।

| ক্রমিক নং | পদবী | অবস্থান |
|---|---|---|
| ১ | মহাপরিচালক, ওয়ারপো | আহ্বায়ক |
| ২ | পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩ | পরিচালক (পরিকল্পনা), ওয়ারপো | সদস্য |
| ৪ | সচিব, ওয়ারপো | সদস্য সচিব |

### কমিটির কার্যপরিধি

(ক) এ কমিটি বাছাই/ মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীর তালিকা হতে গবেষণা ও প্রকাশনা কার্যক্রমে উৎসাহ প্রদানের জন্য প্রার্থী চূড়ান্ত করবে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে উপযুক্ত মনে করলে এই কমিটি কোন গবেষণা বা প্রকাশনা কার্য বাছাই কমিটির পুনর্বিবেচনার জন্য পরামর্শ প্রদান করবে।

(খ) এই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

### বিবিধ

(ক) দাপ্তরিক স্বীকৃতি প্রাপ্ত কর্মকর্তাকে সম্মাননা সনদ ও স্মারক প্রদান করতে হবে।

(খ) দাপ্তরিক স্বীকৃতি প্রাপ্ত কর্মকর্তার অফিস আদেশ ওয়ারপো'র ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(গ) সম্মাননা সনদ ও স্মারক এর ডিজাইন যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন করতে হবে।

(ঘ) প্রণোদনা প্রাপ্ত কর্মকর্তাগনের ডাটাবেইজ সংরক্ষণ করতে হবে। উক্ত ডাটাবেইজ ওয়ারপো'র নৈতিকতা কমিটি সংরক্ষণ করবেন।

(ঙ) শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা কমিটি কর্তৃক তৈরীকৃত ফরম অনুসারে তথ্য উপাত্ত্ব চেয়ে আবেদন আহবান করবেন।